

## History Study Material

Dumkal College

Semester-5, DSE Course-I

### [History of China from Tradition to Revolution]

#### চীনে বক্সার প্রোটোকল এর শর্ত।

বক্সার যুদ্ধে চীনের পরাজয় ও বিদ্রোহীদের ব্যর্থতার পর বিদেশী শক্তিসমূহ ১৯০০ খ্রিস্টাব্দের ২৪শে ডিসেম্বর চীনকে ১২টি শর্ত সম্বলিত একটি চুক্তির প্রস্তাব দেয়। দীর্ঘ আলোচনার পর ১৯০১ খ্রিস্টাব্দের ৭ই সেপ্টেম্বর চীন এবং ১১টি বিদেশী শক্তির মধ্যে এই চুক্তি স্বাক্ষরিত হয়, যা “বক্সার প্রোটোকল” (Boxer Protocol) নামে খ্যাত। এই চুক্তির শর্তগুলি ছিল চীনের পক্ষে যথেষ্ট অপমানজনক। অথচ চীনের পক্ষে এই চুক্তি স্বাক্ষর না করে কোন উপায় ছিল না। এই বক্সার প্রোটোকল এর শর্তগুলি ছিল—

**প্রথমতঃ** ১২ জন রাজপুরুষ যাঁরা বক্সারদের বিদেশী-বিরোধী জেহাদে যোগদান করেছিলেন তাদের মৃত্যুদণ্ড দেওয়া হয় অথবা আত্মহত্যা করতে নির্দেশ দেওয়া হয়। তাছাড়া, আরও শখানেক রাজপুরুষকে কঠোর শাস্তি দেওয়া হয়। যে-কোন আন্তর্জাতিক চুক্তির ক্ষেত্রেই এটি ছিল একটি নজিরবিহীন সিদ্ধান্ত।

**দ্বিতীয়তঃ** চীনকে এক বিরাট অঙ্কের ক্ষতিপূরণ দানে বাধ্য করা হয়। সিদ্ধান্ত হয় যে, চীনকে ৫০০ মিলিয়ন আমেরিকান ডলার ক্ষতিপূরণ ১৯০১-১৯৪০ খ্রিস্টাব্দের মধ্যে বিভিন্ন কিস্তিতে দিতে হবে। বৃহৎ শক্তিবর্গ ছাড়াও ইটালি, নেদারল্যান্ড, অস্ট্রিয়া, বেলজিয়াম, স্পেন, পর্তুগাল এবং স্ক্যান্ডিনেভীয় দেশগুলিও চীন থেকে প্রাপ্ত ক্ষতিপূরণের অংশীদার হবে।

**তৃতীয়তঃ** যেসব শহরে বিদেশী-বিরোধী আন্দোলন তীব্র রূপ নিয়েছিল সে সব অঞ্চলে সরকারি পরীক্ষা ব্যবস্থা ৫ বছরের জন্য বন্ধ করে দেওয়া হল। কমপক্ষে ৪৫টি শহরে পরীক্ষা ব্যবস্থা বাতিল হয়।

**চতুর্থতঃ** পিকিং-এর বিদেশী দূতাবাসগুলিকে পাহারা দেবার জন্য বিদেশী সৈন্যবাহিনী স্থায়ীভাবে মোতায়েন করা হল।

**পঞ্চমতঃ** পিকিং থেকে সমুদ্র পর্যন্ত গুরুত্বপূর্ণ ঘাঁটিগুলিতে এবং রেলপথে বিদেশী সৈন্য মোতায়েন করা হল।

**ষষ্ঠতঃ** সিদ্ধান্ত হয় যে, আগামী দুই বছরের মধ্যে চীন বিদেশ থেকে কোন অস্ত্র বা যুদ্ধসামগ্রী আমদানি করতে পারবে না।

**সপ্তমতঃ** জার্মানি ও জাপানের কাছে চীনকে প্রতিনিধিদল পাঠিয়ে সরাসরি কৃতকর্মের জন্য ক্ষমাপ্রার্থনা করতে হবে।

এই 'বক্সার প্রোটোকল' স্বাক্ষরের ফলে বিশ্বের দরবারে চীনের মর্যাদা ভুলুষ্ঠিত হয়। চীনের স্বাধীনতা ও সার্বভৌমত্ব চরম আঘাতপ্রাপ্ত হয়। এছাড়া চীনের মাঞ্চু রাজতন্ত্র বিদেশী শক্তিগুলির হাতের ক্রীড়নকে পরিণত হয় এবং বক্সার বিদ্রোহের পর মাঞ্চু সরকারের এই দুর্বলতা চীনের মাঞ্চু বিরোধী আন্দোলনের পথ প্রশস্ত করেছিল।